

বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

বাশিএ/প্রশা: (সংস্থাপন)/১০৩(খ)/২০১৩/৪১৯

তারিখ: ১৬/৯/১৯

অফিস আদেশ


বিষয়: একাডেমির ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের কাজের মূল্যায়ণপূর্বক পুরস্কার প্রদান।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির ঢাকা কার্যালয়ে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের কাজের মূল্যায়নের ভিত্তিতে পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো:

(১)	সচিব বাংলাদেশ শিল্পকলা একাডেমি।	:	আহ্বায়ক
(২)	উপপরিচালক অর্থ, হিসাব ও পরিকল্পনা উপবিভাগ, বাশিএ।	:	সদস্য
(৩)	জনাব মোঃ আসফ উদ-দৌলা কালচারাল অফিসার, প্রশাসন বিভাগ, বাশিএ।	:	সদস্য
(৪)	সহকারী পরিচালক (পি এস), মহাপরিচালকের দপ্তর, বাশিএ।	:	সদস্য
(৫)	সহকারী সচিব (সংস্থাপন), প্রশাসন বিভাগ, বাশিএ।	:	সদস্য
(৬)	উপসচিব, প্রশাসন বিভাগ, বাশিএ।	:	সদস্যসচিব

২। প্রতি বছর ৩ (তিন) জনকে তাদের কাজের মূল্যায়নের ভিত্তিতে ১ম, ২য়, এবং ৩য় পুরস্কার হিসেবে যথাক্রমে ১২,০০০/-, ১০,০০০/- এবং ৮০০০/- টাকা এবং ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে।

৩। উপর্যুক্ত কমিটি ঢাকা কার্যালয়ে কর্মরত কর্মচারীদের কাজের দক্ষতা, আচরণ, শৃংখলা, নিয়মানুবর্তিতা, সততা, শারিরিক সক্ষমতা, অফিসে উপস্থিতি, নির্দেশ পালনে আগ্রহ ও তৎপরতা ইত্যাদি বিষয়ে একাডেমির বিভাগ/শাখাসমূহ থেকে মূল্যায়ণ প্রতিবেদন সংগ্রহ করবেন। প্রতিবেদন সংগ্রহের পর যাদেরকে পুরস্কার প্রদান করার সুপারিশ করা হবে তা মহাপরিচালকের চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত দাখিল (বদ্ধ খামে) করতে হবে।


(লিয়াকত আলী শাহী)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৬২৮৩৬

অনুলিপি: কার্যার্থে:

- ১। সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
- ২। উপসচিব, প্রশাসন বিভাগ, বাশিএ।
- ৩। উপপরিচালক, অর্থ, হিসাব ও পরিকল্পনা উপবিভাগ, বাশিএ।
- ৪। জনাব মোঃ আসফ উদ-দৌলা, কালচারাল অফিসার, প্রশাসন বিভাগ, বাশিএ।
- ৫। সহকারী পরিচালক (পি এস), মহাপরিচালকের দপ্তর, বাশিএ।
- ৬। সহকারী সচিব (সংস্থাপন), প্রশাসন বিভাগ, বাশিএ।

অনুলিপি: অবগতির জন্য:

- ১। পরিচালক, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ/সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ/চারুকলা বিভাগ/গবেষণা ও প্রকাশনা বিভাগ/প্রশিক্ষণ বিভাগ/প্রয়োজনা বিভাগ, বাশিএ।
- ২। রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, রক্ষণাবেক্ষণ প্রকৌশল উপবিভাগ, বাশিএ।
- ৩। সহকারী পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠী সেল/কালচারাল অফিসার (সংস্থাপন শাখা)/সহকারী সচিব, কমন সার্ভিস শাখা/সহকারী সচিব, সংস্থাপন শাখা/সহকারী পরিচালক (পি এস)/জনসংযোগ কর্মকর্তা, বাশিএ।
- ৪। সচিবের ব্যক্তিগত সহকারী, বাশিএ।